দৈনিক ইত্তেফাক

তারিখ 31 AUG 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫

22

## শিক্ষাঙ্গনে

### এমবিবিএস ভর্তির মৌখিক পরীক্ষা বাতিল করুন

উল্লেখিত বিষয়ে শ্রাবণের ৯ তারিখে জনাব ডাঃ এ আর সিদ্দিকীর মতামত ও ৭ ভাদ্রের জনাব মোঃ হাবিবুর রহমানের বক্তব্যকে সমর্থন জানিয়ে অবিলম্বে এমবিবিএস ভর্তির মৌখিক পরীক্ষা বাতিল করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি। এতে স্বজনপ্রীতি, তদবীর, দুর্নীতি হতে সংশ্লিষ্ট সকলেই রেহাই পাবেন। শিক্ষার দরজায় সকল নাগরিকের সন্তান সমান ব্যবহার পাওয়া অধিকারী। শিক্ষার দরজায় যদি কোন সন্তানকে মৌখিক পরীক্ষায় সুযোগে অগ্রাধিকার দেয়া হয় তাতে জাতির জন্য কলঙ্ক ব্যতীত আর কিছুই নয়।

অতএব এ বিষয়টি সিদ্ধান্ত দেয়ার দায়িত্ব যাদের প্রতি ন্যস্ত তাদের প্রতি বিষয়টি ভেবে দেখতে অনুরোধ করছি ও জাতীয়ভাবে সকল স্তরে এই সিদ্ধান্ত সমাদৃত হবে বলে অবিলম্বে ভর্তি পরীক্ষার মৌখিক পরীক্ষা বাতিল করতে অনুরোধ করছি।

০—মোঃ লুৎফর রহমান,
২৭৮ নং সেনপাড়া পর্বতা,
মীরপুর, ঢাকা।